



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ব্যয় ব্যবস্থাপনা শাখা-৫
www.mof.gov.bd



নং-০৭.০০.০০০০.১৫৫.১৪.০০১.২০-৪৩৩

তারিখঃ ০৮ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ
২০ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ

বিষয়ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের দর তফসিল (Schedule of Rates)-২০২২ সংক্রান্ত।


সূত্রঃ: স্থানীয় সরকার বিভাগের পত্র নং- ৪৬.০০.০০০০.০৯৩.২২.০০৯.২২-১৫২, তারিখ: ১৭/০২/২০২২

উপর্যুক্ত বিষয় ও সুত্রে পত্রের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের কার্যক্রম পরিচালনা/সম্পাদনের লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় কারিগরী কমিটি কর্তৃক সুপারিশকৃত স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের দর তফসিল-২০২২ বাস্তবায়নে নিম্নোক্ত শর্তে অর্থ বিভাগের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলোঃ

শর্তাবলীঃ

- ক) এ দর তফসিল “স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর দর তফসিল-২০২২” শিরোনামে অভিহিত হবে।
- খ) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের বিশেষায়িত কাজের আইটেমসমূহ বাদে অন্যান্য সকল ভিত্তি আইটেম/ম্যাটেরিয়াল দর (Basic Item/Material Rate) এবং কার্য বাস্তবায়ন আইটেমের (Work Execution Item rate) দরের ক্ষেত্রে ইতৎপূর্বে অর্থ বিভাগ কর্তৃক ২১ জুন ২০২২ তারিখের ৩৮৫ সংখ্যক স্মারকে গণপূর্ত অধিদপ্তর এবং ১ ডিসেম্বর ২০২১ তারিখের ৫৮০ সংখ্যক স্মারকে বাংলাদেশ রেলওয়ের জন্য অনুমোদিত দর তফসিলদ্বয় প্রযোজ্য হবে;
- গ) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের বিশেষায়িত কাজের আইটেমসমূহ ব্যতীত অন্যান্য আইটেমের বাক্ষ দরের ক্ষেত্রে গণপূর্ত অধিদপ্তরের সর্বশেষ অনুমোদিত দর তফসিলের দর ও রিটেল দরের ক্ষেত্রে গণপূর্ত অধিদপ্তরের সর্বশেষ অনুমোদিত দর তফসিলের দরের সাথে সামঞ্জস্য রেখে বাংলাদেশ রেলওয়ের জন্য নির্ধারিত দর প্রযোজ্য হবে;
- ঘ) প্রাক্কলন প্রণয়নের সময় ০৫(পাঁচ) কোটি টাকা মূল্যমানের নিম্নের প্রকল্পগুলোর ক্ষেত্রে রিটেল (খুচরা) মূল্য প্রযোজ্য হবে;
- ঙ) এ দর তফসিলের কোন আইটেমের দরের সাথে যদি গণপূর্ত অধিদপ্তরের দর তফসিলের কোন আইটেমের দরে অসামঞ্জস্য পরিলক্ষিত হয় তবে সেক্ষেত্রে গণপূর্ত অধিদপ্তরের দর তফসিলের অনুমোদিত দর প্রযোজ্য হবে;
- চ) দর তফসিলের অন্তর্ভুক্ত আইটেমসমূহের ক্ষেত্রে সময়ে সময়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত মূল্য সংযোজন কর (ড্যাট), আয়কর, শুল্ক ও অন্যান্য ডিউটি প্রযোজ্য হবে;
- ছ) আইটেম সমূহের স্পেসিফিকেশন বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (বিএনবিসি) এবং দেশে প্রচলিত অন্যান্য কোডসমূহ অনুসৃত করতে হবে;
- জ) দর তফসিল অনুযায়ী প্রাক্কলন প্রণয়ন ও অন্যান্য কাজ সম্পাদনে জেনারেল ফাইন্যান্সিয়াল রুলস (জিএফআর), পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮-সহ যাবতীয় আর্থিক বিধি-বিধান প্রতিপালন করতে হবে;
- ঝ) বিশেষ কোন কাজের ক্ষেত্রে বর্তমান দর তফসিল বহির্ভূত কোন আইটেম ব্যবহারের প্রয়োজন হলে দপ্তর/সংস্থা প্রধানের অনুমতি সাপেক্ষে প্রচলিত বাজার দর অনুযায়ী উক্ত আইটেমের বিশ্লেষণী দর অর্থ বিভাগের সর্বশেষ আর্থিক ক্ষমতা অর্পণ অনুযায়ী অনুমোদন করা যাবে;
- ঝঃ) এ অনুমোদিত দর তফসিল অন্তিমিলম্বে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করতে হবে।

২। উপরিউক্ত দর তফসিল আগামী ০৩ (তিনি) বছর বহাল থাকবে এবং তা অবিলম্বে কার্যকর হবে।


8/7/2022
(চৌধুরী আশরাফুল করিম)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ০২-২২৩৩৫৬০৩৭

ই-মেইল: chashraful@finance.gov.bd

সচিব

স্থানীয় সরকার বিভাগ


স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-০৭.০০.০০০০.১৫৫.১৪.০০১.২০-৪৩৩

তারিখঃ ০৮ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ
২০ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, আগরগাঁও, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগরগাঁও, ঢাকা।
৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. ~~সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের
অনুরোধসহ)~~


8/7/2022
(চৌধুরী আশরাফুল করিম)
সিনিয়র সহকারী সচিব